

কম্পিউটার মেলায় তারুণ্যের আসর

ব্যক্তিগত সফটওয়্যার নির্মাতাদের পুরস্কার

মেলার তৃতীয় দিনে তিনজন ব্যক্তিগত সফটওয়্যার নির্মাতাদের পুরস্কৃত করে বিসিএস। বাংলা ওয়ার্ড প্রসেসর 'অক্ষর' তৈরী করে খান মোঃ আনোয়ার সালাম তিন সদস্য বিশিষ্ট বিচারকদের রায়ে প্রথম পুরস্কার লাভ করেন। এছাড়া দ্বিতীয় এবং তৃতীয় হন যথাক্রমে মোঃ এমরান হাসান ও জাকারিয়া বিন আব্দুর রউফ। পুরস্কার প্রাপ্ত প্রোগ্রামগুলোর দ্বিতীয়টি হচ্ছে 'কুইজ সিস্টেম



২' আর তৃতীয় হচ্ছে 'বাংলা টাইপিং বাব্ব'। বিজয়ী সফটওয়্যারগুলো বর্তমানে বিসিএস স্টলে প্রদর্শিত হচ্ছে।

প্রোগ্রামিং প্রতিযোগিতা

একই দিনে স্কুল, কলেজ ও ট্রেনিং ইন্সটিটিউট সর্বোচ্চ দ্বাদশ / এ লেভেল শ্রেণীর শিক্ষার্থীদের জন্য আয়োজিত প্রোগ্রামিং প্রতিযোগিতায় নটরডেম কলেজের মানজুর রহমান খান, রাইয়ান কামাল ও মোহাম্মদ তানভির আল আমিনের দল প্রথম স্থান অর্জন করে। দ্বিতীয় ও তৃতীয় স্থান দখল করে ম্যাপেললিফ স্কুল দল ও ইন্সটিটিউট অব ইনফরমেশন টেকনোলজির দল। প্রতিযোগিতাটি দুপুর সাড়ে বারোটায় শুরু করে সাড়ে তিনটা পর্যন্ত চলে। প্রতিযোগিতার বিচারকমন্ডলীর চেজনই ছিলেন দেশের বিজ্ঞান, প্রযুক্তি ও প্রকৌশল নির্ভর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। প্রধান বিচারকের দায়িত্ব পালন করেন ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অফ বাংলাদেশের প্রফেসর ডঃ আনোয়ার হোসেন। প্রতিযোগিতায় মোট ২৬টি দল অংশগ্রহণ করেন।



প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী তারুণ প্রজন্মের কম্পিউটার প্রোগ্রামাররা

বিনামূল্যে প্রবেশের সুযোগ অনেক স্কুল-কলেজের শিক্ষার্থীদের দল বেঁধে মেলা ঘুরতে দেখা গেল। ৭০ বছরের দাদু যেমন দেখা গেল তেমনি এসব নব প্রজন্মের ক্ষুদ্রে দর্শকদের উপস্থিতিও মেলায় যোগ করেছিল এক ভিন্ন মাত্রা। তাদের উচ্ছ্বাস প্রযুক্তির প্রতি তাদের আগ্রহ, তাদের বিস্মিত চোখের চাহনী সব মিলিয়ে সৃষ্টি করেছিল এক অপূর্ব ব্যঞ্জনার। এরাইতো আমাদের প্রযুক্তি প্রজন্ম, এরাইতো আমাদের আশা, এরাইতো দেশকে সামনে থেকে নেতৃত্ব দিবে। গড়ে তুলবে আমাদের গর্বের বাংলাদেশ।

□ তথ্যপ্রযুক্তি ডেস্ক